দৈনিক ইত্তেফাক

তারিখ 04 MAR 2008
পৃষ্ঠা ১২ কলাম ২

# মাধ্যমিক স্তরে শিক্ষার্থী ভর্তির হার বাড়ানোর নীতিমালা চূড়ান্ত

রিয়াজ চৌধুরী

সরকার মাধ্যমিক স্তরে শিক্ষার্থী ভর্তির হার বাড়াতে বিশেষ পরিকল্পনা নিচ্ছে। ইতোমধ্যে এ সংক্রান্ত একটি নীতিমালা শিক্ষা মন্ত্রণালয় চূড়ান্ত করেছে। 'স্কুল ক্যাচমেন্ট এরিয়া' নির্ধারণের এই নীতিমালা শিগগিরই পরিপত্র আকারে জারি করা হবে বলে মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। প্রতিটি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের জন্য 'স্কুল ক্যাচমেন্ট এরিয়া' নির্ধারণ করা থাকবে বলে নীতিমালায় উল্লেখ রয়েছে। ক্যাচমেন্ট এরিয়ার মধ্যে কোন বিদ্যালয়ে এগার থেকে পনেরো বছর বয়সী সব ছেলেমেয়ের স্কুলে যাওয়া বাধ্যতামূলক করার পাশাপাশি উল্লেখিত বয়সের শিক্ষার্থীদের ওই শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা কর্মকর্তাসহ শিক্ষকরা সক্রিয় ভূমিকা রাখবেন। বিদ্যালয়ে যায় না এমন কিশোরদের চিহ্নিত করে তাদের বিদ্যালয়ে ভর্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন শিক্ষকরা। ভর্তির পর দীর্ঘসময় কেউ অনুপস্থিত থাকলে তাকে শনাক্ত করে সে বিষয়েও ব্যবস্থা নেবেন তারা। তবে বিশেষ বিদ্যালয় যেমন ক্যাডেট কলেজ, জেলা স্কুল, উপজেলা সরকারী বিদ্যালয় ও মিশনারী স্কুলের ক্ষেত্রে নীতিমালা শিথিল থাকবে। এছাড়া পার্বত্য কিংবা হাওরসহ দুর্গম এলাকায় ক্যাচমেন্ট এরিয়ায় ভর্তির নীতিমালা শিথিল করা হবে। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ পলিসি, মনিটরিং অ্যান্ড কোয়ালিটি অ্যাস্যুরেন্স ইউনিটের (পিএমকিউএইউ) উপ-পরিচালক গিজির হায়াত খান বলেন, স্কুল

পৃঃ ১১ কঃ ১

## মাধ্যমিক স্তরে শিক্ষার্থী ভর্তির

১২-এর পৃষ্ঠার পর

ক্যাচমেন্ট এরিয়া নির্ধারণের বিষয়টি এখন চূড়ান্ত পর্যায়ে। এ পরিকল্পনা বাস্তবায়িত হলে মাধ্যমিক স্তরে শিক্ষার্থী ভর্তির হার যেমন বাড়বে, তেমনি শিক্ষার মানও বাড়বে। তিনি বলেন, স্কুল ক্যাচমেন্ট এরিয়ার উদ্দেশ্য হচ্ছে ভর্তির হার বৃদ্ধি, ক্যাচমেন্ট এরিয়ার মাধ্যমিক বিদ্যালয়ে গমনোপযোগীদের শনাক্ত, ভর্তি না হওয়াদের বিদ্যালয়ে ভর্তি করানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, ঝরে পড়া শিক্ষার্থী শনাক্ত এবং এর যথাযথ কারণ চিহ্নিত করে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করা। এছাড়া প্রতিটি বিদ্যালয়ে অবকাঠামোগত সুযোগ-সুবিধা অনুযায়ী ছাত্র-ছাত্রী ভর্তির বিষয় নিশ্চিত করাও এর উদ্দেশ্য বলে জানান তিনি।

মাধ্যমিক বিদ্যালয়ের 'স্কুল ক্যাচমেন্ট এরিয়া' চিহ্নিত করার লক্ষ্যে ম্যাপ তৈরীর সহায়িকা পত্রে বলা হয়েছে, দারিদ্র্য বিমোচনে জাতীয় কৌশলের আলোকে আগামী ২০১৫ সালের মধ্যে মাধ্যমিক স্তরে ভর্তির হার ৫০ শতাংশ বাড়ানোর কথা। কিন্তু বর্তমানে দেশে এ স্তরে শিক্ষার্থী ভর্তির হার মাত্র ৪৪ শতাংশ। ২০১৫ সালের মধ্যে ভর্তির লক্ষ্যমাত্রা ৬৬ শতাংশ নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্য অর্জনে শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট অধিদফতর, পরিদফতর ও প্রকল্পের উর্ধ্বতন কর্মকর্তার সুপারিশ ও মতামতের ভিত্তিতে কিছু কার্যক্রম গ্রহণ করার পরিকল্পনা গৃহীত হয়। এ পরিকল্পনার অন্যতম একটি কার্যক্রম হচ্ছে ক্যাচমেন্ট এরিয়া নির্ধারণ।

প্রস্তাবিত নীতিমালায় বলা হয়েছে, ক্যাচমেন্ট এরিয়া নির্ধারণের লক্ষ্যে ১১ সদস্যের একটি জাতীয় সমন্বয় কমিটি সার্বক্ষণিক কাজ করবে। এছাড়া ক্যাচমেন্ট এলাকার তথ্য জরিপ ও প্রতি বছর হালনাগাদ করার জন্য মাঠ পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার সমন্বয়ে ৯ সদস্যের অন্য একটি কমিটি কাজ করবে। শিক্ষকরা নিজেদের বিদ্যালয়ের ক্যাচমেন্ট এরিয়ায় বাড়ী বাড়ী ঘুরে তথ্য সংগ্রহ করবেন। প্রয়োজনে বিভিন্ন বাড়ীতে গিয়ে উঠোন বৈঠক করবেন।